# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৪৩৪

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৪৫. নাপাক ব্যক্তি কুরআন স্পর্শ করবে না

بَابٌ فِي نَهْيِ الْمُحْدِثِ عَنْ مَسِّ الْقُرْآنِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ غَيْلَانَ ، نَا الْحَسَنُ بْنُ الْجُنَيْدِ ، وَحَدَّثَنَا أَحْمَدُ بْنُ مُحَمَّدِ بْنِ إِسْمَاعِيلَ الْآدَمِيُّ ، نَا مُحَمَّدُ بْنُ عُبَيْدِ اللَّهِ الْمُنَادِي ، قَالَا : نَا إِسْحَاقُ الْأَزْرَقُ ، نَا الْقَاسِمُ بْنُ عُثْمَانَ الْبَصْرِيُّ ، عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ ، قَالَ : خَرَجَ عُمَرُ مُتَقَلِّدًا السَّيْفَ ، فَقِيلَ لَهُ : إِنَّ خَتَنَكَ وَأُخْتَكَ قَدْ صَبَوَا ، فَأَتَاهُمَا عُمَرُ وَعِنْدَهُمَا رَجُلٌ مِنَ الْمُهَاجِرِينَ ، يُقَالُ لَهُ : خَبَّابٌ ، وَكَانُوا يَقْرَءُونَ ( طه ) ، فَقَالَ : أَعْطُونِي الْكِتَابَ الَّذِي عِنْدَكُمْ ؛ أَقْرَؤُهُ . ـ وَكَانَ عُمَرُ يَقْرَأُ الْكُتُبَ ـ فَقَالَتْ لَهُ أُخْتُهُ : إِنَّكَ رِجْسٌ وَلَا يَمَسُّهُ إِلَّا الْمُطَهَّرُونَ ؛ فَقُمْ فَاغْتَسِلْ أَوْ تَوَضَّأْ . فَقَامَ عُمَرُ فَتَوَضَّأَ ، ثُمَّ أَخَذَ الْكِتَابَ فَقَرَأَ ( طه ) . الْقَاسِمُ بْنُ عُثْمَانَ لَيْسَ بِقَوِيٍّ

বাংলা

৪৩৪(৭). মুহাম্মাদ ইবনে আবদুল্লাহ ইবনে গায়লান (রহঃ) ... আনাস ইবনে মালেক (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, (ইসলাম গ্রহণের পূর্বে) উমার (রাঃ) গলায় তলোয়ার ঝুলন্ত অবস্থায় বের হলেন। তাকে বলা হলো, নিশ্চয়ই আপনার বোন এবং ভগ্নিপতি ধর্মত্যাগী হয়েছে। উমার (রাঃ) তাদের নিকট এলেন। তখন তাদের নিকট খাব্বাব নামীয় একজন মুহাজির উপস্থিত ছিলেন। তারা সূরা ত্বহা পাঠ করছিলেন। উমার (রাঃ) বললেন, আমাকে তোমাদের কিতাবখানা দাও, আমি তা পড়বো। উমার (রাঃ) কিতাব পড়তে পারতেন (লেখাপড়া জানতেন)। তার বোন তাকে বললেন, নিশ্চয়ই আপনি অপবিত্র, আর পবিত্র ব্যক্তি ব্যতীত কুরআন স্পর্শ করতে পারে না। অতএব আপনি উঠে গিয়ে গোসল করুন অথবা উযু করুন। উমার (রাঃ) উঠে গিয়ে উযু করলেন এবং কিতাব (কুরআন) নিয়ে সূরা ত্বহা পাঠ করলেন। আল-কাসেম ইবনে উসমান (রহঃ) শক্তিশালী রাবী নন।

ফুটনোট

* এই হাদীস আবু ইয়ালা আল-মাওসিলী তাঁর মুসনাদ গ্রন্থে সবিস্তারে বর্ণনা করেছেন । ইমাম দারাকুতনী বলেন, আল-কাসেম ইবনে উসমান (রহঃ) এককভাবে এই হাদীস বর্ণনা করেছেন এবং তিনি শক্তিশালী রাবী নন। ইমাম বুখারী (রহঃ) বলেন, তিনি অনেক হাদীস বর্ণনা করেছেন, কিন্তু কেউ তার অনুসরণ করেননি (অনুবাদক)।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80223

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন